ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২১৩৩
ধর্মনগর, ৫ আগস্ট, ২০২৫

**হর ঘর তিরঙ্গা ঃ উত্তর জেলায় প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত**

হর ঘর তিরঙ্গা কর্মসূচি রূপায়ণের রূপরেখা তৈরি করার লক্ষ্যে আজ ধর্মনগরে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথের সভাপতিত্বে উত্তর ত্রিপুরা জেলা কার্যালয় প্রাঙ্গণে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় এছাড়াও উপস্থিত ছিলেন জেলাশাসক ও সমাহর্তা চাঁদনী চন্দ্রন, অতিরিক্ত জেলাশাসক বিজয় সিনহা, অতিরিক্ত জেলাশাসক এল ডার্লং, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন, বিভিন্ন পঞ্চায়েত সমিতি ও বিএসি'র চেয়ারম্যান, ধর্মনগর, পানিসাগর, কাঞ্চনপুর মহকুমা শাসক কার্যালয়ের ডেপুটি কালেক্টরগণ, জেলার আটটি ব্লকের বিডিও ও বিভিন্ন দপ্তরের জেলাস্তরের আধিকারিকগণ। ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে সারা রাজ্যের সাথে উত্তর ত্রিপুরা জেলায়ও সার্বিকভাবে হর ঘর তিরঙ্গা কর্মসূচি যথাযথভাবে রূপায়ণ করার উপর গুরুত্বারোপ করেন জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ। সভায় সিদ্ধান্ত হয় যে উত্তর ত্রিপুরা জেলায় হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে ১০ আগস্ট জেলাভিত্তিক তিরঙ্গা মেলা অনুষ্ঠিত হবে ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে। এছাড়াও জেলাভিত্তিক তিরঙ্গা র‍্যালি অনুষ্ঠিত হবে পানিসাগরে। ১১ আগস্ট এই তিরঙ্গা র‍্যালি পানিসাগরের বিভিন্ন পথ পরিক্রমা করবে। পরে পানিসাগর টাউনহলে অনুষ্ঠিত হবে তিরঙ্গা কনসার্ট।

******